bengalioldsongs.in



শ্যামল মিত্র

নতুন ধরণের গান আকর্ষণীয় ভঙে পরিবেশন করতে শিল্পী বিশেষ দক্ষ। আধুনিক ও পল্লী-গীতি দিয়ে সাজান এ'র পূজার রেকর্ডটি নিঃসন্দেহে আলোড়ন সৃষ্টি করবে।

শ্যামল মিত্র

## Shyamal Mitra

কথা :—শ্রী শঙ্কর    সুর :—শিল্পী

N 82844 তরী খানি ভাসিয়ে দিলাম
ভ্রমরা, তুই যাস্‌নে সেখানে

(১)

তরী খানি ভাসিয়ে দিলাম
ঐ কূলে
যখন তুমি এলে আবার
সব ভুলে'।
আমি ছিলাম আশায় আশায়
আসবে তুমি কখন আমার
এই খেয়ায়,
যাত্রা সুরুর বেলায় তোমায়
নেব তুলে'॥

অস্ত আকাশ দিগন্তে ঐ
আবীর মেখে
তোমার মুখে তারি ছোঁয়া
গেছে রেখে।
চলা পথের দোলায় দোলায়
রইব ভুলে' সকল ব্যথা
এই খেলায়
তোমার মনের সকল বাঁধন
দেবো খুলে॥*

(২)

ভ্রমরা, ফুলের বনে মধু নিতে
অনেক কাঁটার জ্বালা
তুই যাস্‌নে সেখানে।
রূপের জালে জড়ালে তোর
আসবে দুখের পালা
তারে যে জানে সে জানে॥

ঢল ঢল সোনা অঙ্গ
রঙ্গেতে দোলায়
খঞ্জন ঐ আঁখি দুটি
মনেরে ভোলায়
সেই ভুলেরই আগুনে যে
ছাই হবে তোর মালা
সে যে টানে রূপের টানে॥

কালো কেশের বাহারে তার
ঘন রাতের ছায়া
অধরে হাসির ছোঁয়া
নয়নেতে মায়া,
ফুলে ফুলে দেহখানি
যতনে সাজায়
চঞ্চল মঞ্জীর দুটি চরণে বাজায়
নূপুর গুঞ্জনে পরাণ উতলা
বুঝি ডাকে গানে গানে॥*

শিল্পীর পূর্ব-প্রকাশিত
একটি জন প্রিয় রেকর্ড

N 82834 হয়তো সে দিন
আধুনিক ভালবাসো তুমি
শুনেছি অনেক বার